গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ, মেলান্দহ
জামালপুর

## সেপ্টেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৮/০৯/২০২২ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায়, সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গত ২০.০৯.২২ তারিখে মেলান্দহ উপজেলায় "সামাজিক-সম্প্রীতির" সমাবেশ করা হয়, এতে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষদের নিয়ে "সামাজিক-সম্প্রীতির" একটি কমিটি গঠন করা হয়, এই কমিটি সামাজিক-সম্প্রীতি বজায় রাখার জন্য কাজ করবে। তিনি সভায় আরও জানান, আগামী ০৬ নভেম্বর ২২ তারিখ মেলান্দহ উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইড কার্ড বিতরণ অনুষ্ঠান হবে এছাড়া ১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস উদযাপন হবে, এই দিবস উদযাপনে তিনি সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইড কার্ড বিতরণ অনুষ্ঠান এবং ১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস উদযাপনে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ০১. কোভিড-১৯ টিকাদান কার্যক্রম:- ১২-১৭ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের মাঝে ফাইজার টিকার ১ম ডোজ গত ২৭.১২.২০২১ ইং তারিখ থেকে চালু রয়েছে। এই বয়সে ছাত্র/ছাত্রীদের টিকা প্রদানের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছিল ৩৩৭১২ জন, অদ্য ২৮.০৭.২২ ইং তারিখ পর্যন্ত ১ম ডোজ ফাইজার টিকা প্রদান করা হয়েছে ৩২৯১০ জন কে। যার শতকরা হার ৯৮% ছাত্র/ছাত্রী ফাইজার টিকা ১ম ডোজ চলমান রয়েছে। এইচএসসি পরীক্ষার্থীদের ২য় ডোজ দেওয়া হয়েছে ১০৯৭ জন কে। তাছাড়া কোভিড-১৯ এর ভেরোসেল টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ১৭২২৭১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ১৭২২৩২ জন কে। এসস্টেজেনেকা টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ৬৮৬১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ৭৪০৬ জন কে এবং বুস্টার ডোজ দেওয়া হয়েছে ৮৭১৩৫ জন কে। আমাদের ইপিআই টিকা কেন্দ্রে সাব- ব্লকে ১৮ বছর উর্ধ্বে সকল কে ১ম ডোজ টিকা প্রদান চলমান রয়েছে ১লা ফেব্রুয়ারি/২০২২ ইং হতে ২য় ডোজ টিকা প্রদান চলমান আছে। সর্বপরি টিকা প্রদানে প্রশাসন ও পুলিশ বিভাগের সার্বিক সহযোগীতার স্বাস্থ্য বিভাগ সংশ্লিষ্ট সকল কে ধন্যবাদ জ্ঞাপন করছি। হাসপাতালে করোনা পরীক্ষার এন্টিজেন টেস্ট চালু আছে। হাসপাতালে করোনা রোগী ভর্তির জন্য একটি করোনা কর্ণার সার্বক্ষণিক চালু রয়েছে এবং মাঠ পর্যায়ে প্রতিটি ইউনিয়নে একটি মেডিকেল টিম করোনা রোগীর ব্যবস্থাপনা ও করোনা প্রতিরোধের জন্য চালু রয়েছে। মাইকিং ও মাঠ কর্মীদের উঠান বৈঠকের মাধ্যমে করোনার প্রতিরোধে করনীয় বিষয়ে জনগণ কে সচেতন করা হচ্ছে এ ব্যাপারে প্রশাসনের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য, মাঠ পর্যায়ে আগামী ২৮.০৯.২২ সারাদেশে বিদ্যুৎ ঘাটতি এবং লোডসেডিং এর কারনে হাসপাতালে বিদ্যুৎ না থাকলে হাসপাতালে বিভিন্ন সমস্যা দেখা দেয় হাসপাতালের আইপিএস ও জেনারেটর চালু রাখার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু জেনারেটর চালানোর জন্য কোন তেল বরাদ্দ নেই বিদায় জেনারেটর চালু রাখা ব্যাহত হচ্ছে। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, চলমানকাজগুলোর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ০১। ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় মেলান্দহ উপজেলায় ০৭ টি জলাশয়ে (০৪ টি প্রাতিষ্ঠানিক ও ০৩ টি উন্মুক্ত) মোট ৪০০ কেজি পোনামাছ অবমুক্ত করা হয় ০২। ইলিশ সম্পদ সংরক্ষণে এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুমে আগামী ০৭ থেকে ২৮ অক্টোবর, ২০২২ (২২ আশ্বিন হতে ১২ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন সারা দেশে ইলিশ মাছ আহরন, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সরকার কতৃক নিষিদ্ধ করা হয়েছে। নিষিদ্ধকালীন সময়ে উপজেলা মৎস্য দপ্তর কতৃক মোবাইল কোর্ট/অভিযান, হাট বাজার মনিটরিং এবং জনবহুল স্থানে জনসচেতনতামূলক সভা বাস্তবায়ন করা হবে। এ ব্যাপারে জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হলো ০৩। মাঠ পরিদর্শন/উপজেলা মৎস্য দপ্তর হতে পৌরসভা ও বিভিন্ন ইউনিয়নের ২০ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে ০৪। ২০২২-২৩ অর্থ বছরে বাজেট বরাদ্দ না পাওয়ায় রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের আওতায় মৎস্য চাষি প্রশিক্ষণ শুরু করা যায়নি ০৫। মেলান্দহ উপজেলায় লাইসেন্স বিহীন মৎস্য খাদ্য বিক্রেতাদের লাইসেন্স এর আওতায় আনার জন্য তাগিদ প্রদান করা হয়েছে এবং লাইসেন্সধারী মৎস্য খাদ্য বিক্রেতাদের লাইসেন্স নবায়নের জন্য জোর তাগিদ প্রদান করা হয়েছে ০৬। এনএটিপি-২ প্রকল্প এবং দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে ইলিশ সম্পদ সংরক্ষণ সরকারি আইন মানাসহ, বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, সেপ্টেম্বর/২২ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৯৪০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংখ্যা ৪৫৪টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ৭৪৬৬টি, খামারি প্রশিক্ষণ প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ৪০ জন, খামার পরিদর্শন ১০টি, উঠান বৈঠকের আয়োজন ৮টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৯৮ জন রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৪৩৪০০ টাকা। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌঁছিয়ে দেয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওর্য়ামিং প্রোগ্রাম সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। | মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওর্য়ামিং প্রোগ্রাম সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | অনুপস্থিত | | |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপ কাজ চলমানে আছে, প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচয়পত্র বিতরণ কাজ চলমান আছে এবং ২০২২-২০২৩ অর্থবছরে প্রথম কিস্তির সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় বয়ষ্ক,বিধবা,প্রতিবন্ধী ও অন্যান্য বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও বিশেষ শিক্ষা উপবৃত্তির পে-রোল প্রদান সম্পুর্ণ করা হয়েছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সারা দেশের সাথে সমন্বয় রেখে মেলান্দহ উপজেলায় ক্লাস্টার ভিত্তিক ০৫টি মাসিক সমন্বয় সভা সম্পন্ন হয়েছে, উপজেলা শিক্ষা অফিসার ০৫টি ও প্রত্যেক সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের ১০টি করে মোট ৪৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শণ সম্পন্ন হয়েছে, মীনা দিবস/২২ উদযাপন করা হয়েছে এবং শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন সম্পন্ন করা হয়েছে। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর ৭৬ তম জন্মদিনে উপলক্ষে কেক কাটা অনুষ্ঠানে সকলকে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। ২০২১-২২ অর্থ বছরের ভিজিডি চক্রের সেপ্টেম্বর/২২ ইং মাসের ১১টি ইউনিয়নের ভিজিডির ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিসে ছাড় করা হয়েছে। তিনি সকলকে দ্রুত খাদ্যশস্য বিতরণ করার জন্য অনুরোধ জানান। আগামী ০৪.১০.২২ জাতীয় কন্যা শিশু দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সকলকে অংশগ্রহণের জন্য অনুরোধ জানান, আগ্রহী স্বেচ্ছাসেবী সমিতিগুলোকে ৩০.০৯.২২ তারিখের মধ্যে এবং জয়িতা সম্মাননার জন্য ২৩.০৯.২২ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানান। | দ্রুত খাদ্যশস্য বিতরণ, জাতীয় কন্যা শিশু দিবস পালন এবং জয়িতা সম্মাননার জন্য আবেদন ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গবাদীপশু হাসমুরগী পালন, পোষাক তৈরি, বেসিক কম্পিউটার, ইলেকট্রনিক, রেফিজারেশন, মৎস্য চাষ প্রশিক্ষণ চলমান রয়েছে, প্রশিক্ষণের এক ব্যাচ শেষ হলে অন্য ব্যাচ শুরু হবে। এছাড়া ২১-৩৫ বছর বয়সী যুব/যুব নারীদের জন্য যানবাহন চালনা প্রশিক্ষণ খুব শ্রীঘ্রই শুরু হবে, বায়ুগ্যাস স্থাপনের জন্য ইমপ্যাক্ট ফেইজ-৩ প্রকল্পের আওতায় ১২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন হচ্ছে, তিনি সভায় আরও জানান, উপজেলা পরিষদ ভবন নির্মাণ এর জায়গায় কিছু গাছ রয়েছে সেগুলো কর্তন করার অনুমোদন প্রয়োজন। | যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে উপজেলা পরিষদ ভবন নির্মাণ এর জায়গার গাছ কর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তিন পৌরসভা প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভায় ৪ কিঃমিঃ ড্রেন, ২১০০ বাসায় পানি লাইনের সংযোগের কাজ, ডাম্পিং ও ফিক্যাল স্লাসের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্স পাম্পসহ ৩০টি হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ ও ২২টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৭টি মিনি AIRP এর কাজ চলমান আছে। | চলমান কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫টি সমবায় সমিতি রয়েছে। ২০২১-২০২২ সালের অডিট কার্য ০১.০৭.২০২২ তরিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১টি আশ্রয়ণ প্রকল্প ও ০২টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্প ঋণ আদায় কার্য অব্যাহত আছে। | চলমান কার্যক্রম দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | অনুপস্থিত | | |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, নাংলা ইউনিয়নের ৪ ও ৫ নং ওয়ার্ডের বন বিভাগ কর্তৃক সদ্য ৩.০ কি.মি স্ট্রীপ বাগান সুন্দর ও সফল হলেও মাঝেমধ্যে বাগান সংলগ্ন কৃষি জমির মালিকগণ অসহিষ্ণু মনোভাব পোষণ করত সরকারি রাস্তা বনায়নে গাছপালা গরু ছাগল এবং নিজেরা রাতের আধারে ধ্বংস করে থাকে। এ ব্যাপারে অত্র সামাজিক বনায়নের সভাপতি হিসাবে ইউএনও মহোদয়ের নিকট বাগানোর রক্ষনাবেক্ষনের সুপরামর্শ কামনা করছি। একই সঙ্গে আইনী ব্যবস্থা নেওয়া যায় কিনা এ ব্যাপারে সিদ্ধান্ত দিবেন। করাতকল বিধিমালা/২০১২ অনুযায়ী অত্র মেলান্দহ উপজেলার সকল অবৈধ করাতকলের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্যে উপজেলা নির্বাহী অফিসারের সদয় সুদৃষ্টি আকর্ষণ করছি। | আলোচনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। ৪৯তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২২ সুষ্ঠভাবে সম্পন্ন করা হয়েছে ০২। এস.এস.সি/দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষা-২০২২ চলমান রয়েছে । পরীক্ষাগুলো সুষ্ঠ ও সুন্দর ভাবে অনুষ্ঠিত হচ্ছে ০৩। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | এস.এস.সি/দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষা-২০২২ কেন্দ্রগুলো আইন শৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

চলমান পাতা-৩-

| | | | | |
|---|---|---|---|---|
| | খাদ্য কর্মকর্তা | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, গত জুলাই/২২ খ্রিঃ হতে ডিসেম্বর/২২ তারিখ পর্যন্ত ভি.ডব্লিউ. বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে। শারদীয় দূর্গা পূঁজা/২২ উপলক্ষ্যে ৯.০০০ মে.টন চালের বরাদ্দ পাওয়া গেছে। খাদ্য বান্ধব কর্মসূচি চলছে, ৬ জন ডিলারে মাধ্যমে ও.এম.এস এর চাল বিতরণ হচ্ছে। ফুটগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান চলছে। | চলমান কাজগুলো দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | বিবিধ | ১. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ভাবকী আরএইচডি রায়গঞ্জ জিসি ভায়া বেলতৈল বাজার রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ নাছির উদ্দিন আহমেদ এর নামে নামকরন করার জন্য এবং বেলতৈল বাজার হতে বিএনএস বাজার পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম এর নামে নামকরন করার জন্য ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন চেয়ারম্যান, ইউনিয়ন সভার কার্যবিবরণী উপজেলা মাসিক সমন্বয় সভায় অনুমোদন জন্য উপস্থাপনের অনুরোধ করেছেন। | ১) বিষয়টি সভায় আলোচনা করা হলো আলোচনান্তে ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন চেয়ারম্যান, ইউনিয়ন সভার কার্য বিবরণী মোতাবেক বীর মুক্তিযোদ্ধা মোঃ নাছির উদ্দিন আহমেদ এর নামে নামকরন এবং বেলতৈল বাজার হতে বিএনএস বাজার পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম এর নামে নামকরন করার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
তারিখ : ২৮.০৯.২০২২ খ্রিঃ

স্মারক নং :উপকা.মেলা.২০২২.৪৮
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................. সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

২৮/০৯/২২

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

সেপ্টেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫<br>uzchairmanmelandah@gmail.com | |
| ২ | জনাব, মোঃ সেলিম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ৩ | ডাঃ প্রাণী মোঃ রফিকুল ইসলাম<br>উপজেলা স্বাস্থ্য ও প. প. ক | ০১৭১১-৮২৮৮৬৬<br>uhfpo@melandah.dghs.gov.bd | |
| ৪ | ডাঃ মোঃ আতিকুর রহমান<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার | ০১৭৬৩২৫৩৫১৭<br>~~ulo~~ ulomelandahjamalpur@gmail.com | |
| ৫ | বিশ্বজিৎ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01721704152<br>~~Shubh~~ ue.melandah@lged.gov. | |
| ৬ | সাজেদা আফরিন<br>উ, ম, বি, কর্মকর্তা | ০১৭২৬-৫২০৮২৮<br>shajedadwa@gmail.com | |
| ৭ | মোছাম্মৎ বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ০১৭১০-৮৮০৯০২<br>ucfmelandaha856@gmail.com | |
| ৮ | মোঃ মোস্তফা কামাল<br>উপজেলা শিক্ষা অফিসার | 01718308926<br>ueomelandah@gmail.com | |
| ৯ | সাবরিনা আক্তার, সম্প্রসারণ কর্মকর্তা<br>উপজেলা মৎস্য দপ্তর | 01727852906<br>~~Sai~~ ufomelandaha@fisheries.gov.bd. | |
| ১০ | মোঃ রিপন হোসেন<br>কৃষি সম্প্রসারণ অফিসার | 01401830251<br>hossainripon223@gmail.com | |

| | | | |
|---|---|---|---|
| ১১ | মো: উমর ফারুক<br>জিলা সুশাসন [illegible] | 01952658328<br>mtumarfaruk63@Gmail.com | [signature] |
| ১২ | কামরুন নাহার | [illegible] 01924[illegible] | কামরুন নাহার |
| ১৩ | স্বপ্না খাতুন<br>[illegible] পরিসংখ্যান সহকারী | 01758898665<br>shapnakhatun444@gmail.com | স্বপ্না |
| ১৪ | মো: গোলাম কিবরিয়া [illegible] | 01920766680 | [signature] |
| ১৫ | মো: মাহমুদুল হক<br>[illegible] | 01727031935 | [signature] |
| ১৬ | ইঞ্জি: কামরুল হাসান<br>চেয়ারম্যান ৭ নং [illegible] | 01715995985 | [signature] |
| ১৭ | মো: [illegible]<br>চেয়ারম্যান [illegible] | 01719-815496 | [signature] |
| ১৮ | মো: [illegible]<br>[illegible] | 01713-990072 | [signature] |
| ১৯ | মো: [illegible]<br>[illegible] | 01920680825 | [signature] |
| ২০ | [illegible] | 01725154213 | [signature] |
| ২১ | মো: রাকিব ইবনে সিরাজ | 01828-104926 | R Siraj |
| ২২ | মো: রায়হান রফিক<br>UDF | raihan.ugdp@gmail.com<br>01719-431435 | [signature] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ মেলান্দহ
জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২২.৪৬ তারিখঃ ২৬.০৯.২০২২

নোটিশ

আগামী ২৯.০৯.২০২২ তারিখ, রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৯.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৮.০৯.২০২২ তারিখের মধ্যে নিম্নলিখিত ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

E-mail:uzchairmanmelandah@gmail.com

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

..........................................................
.................................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২২.৪৬ তারিখঃ ২৬.০৯.২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব, মির্জা আজম, এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com